

Website Heading: NOC for returning to Libya

লিবিয়া প্রত্যাগত বাংলাদেশী নাগরিকদের লিবিয়ায় প্রত্যাবর্তনের লক্ষ্যে, অনাপত্তি (NOC)-এর জন্য নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে:

- পাসপোর্টের নাম-ঠিকানার পৃষ্ঠার ফটোকপি।
- পাসপোর্টের যে পাতায় ইমিগ্রেশনের সীল দেওয়া হয়েছে সে পাতার ফটোকপি।
- **Visa** এবং **Exit Re-Entry Visa**-এর অনুবাদসহ ফটোকপি।
অনুবাদের পাতা নোটারী করাতে হবে।
- কোম্পানী/মালিকের প্রত্যয়ন পত্র অনুবাদ সহ। অনুবাদের পাতা নোটারী করাতে হবে।
- বাংলাদেশ দূতাবাস, লিবিয়ার প্রত্যয়ন পত্র।

উপরোল্লিখিত কাগজপত্র ছাড়া কোন আবেদন গ্রহণ করা হবেনা।

**** উপরোল্লিখিত কাগজপত্র এবং মূল পাসপোর্টসহ, ইন্টারভিউয়ের জন্য প্রতি সপ্তাহের সোমবার অথবা বুধবার বেলা ১১:০০ ঘটিকায় মন্ত্রণালয়ে স্বশরীরে হাজির হতে হবে।**

জরুরী প্রয়োজনে যোগাযোগের জন্যঃ

- ১। মোঃ মোশারফ হোসেন, পরিচালক (কনসুলার ও কল্যাণ), ফোনঃ ০২-৯৫১৪৭৭০,
ই-মেইল:dircnmrp@mofa.gov.bd
- ২। মোঃ আমিনুল ইসলাম, সহকারী সচিব (কল্যাণ), ফোনঃ ০২-৯৫৬২৯২৩,
ই-মেইল:aswelfare@mofa.gov.bd

বরাবর,
মহা পরিচালক (কঙ্গুলার ও কল্যাণ)
দৃঃ আঃ সহকারী সচিব (কল্যাণ/এমআরপি)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ লিবিয়া গমনে অনুমতি।

জনাব,

বিনীত নিবেদন এই যে আমি বাংলাদেশ
পাসপোর্ট নং বিগত বছর ধরে লিবিয়াতে বৈধভাবে বসবাস করছি।
বর্তমানে আমি ছুটিতে বাংলাদেশে অবস্থান করছি এবং শীঘ্রই কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে লিবিয়াতে ফিরে
যেতে চাই।

অতএব, বাংলাদেশী নাগরিকদের লিবিয়া গমনে বিদ্যমান নিষেধাজ্ঞা শিথিল করে আমাকে লিবিয়া গমনের সদয়
অনুমতি প্রদান করে বাধিত করবেন।

স্বাক্ষর :.....

নাম :.....

তারিখ :

মোবাইল নং:.....

মুচলেকা

আমি-----,বাংলাদেশ পাসপোর্ট নং-----
-লিবিয়াতে কোম্পানীর নাম-----তে গত-----তারিখ
হতে কর্মরত। কর্মস্থল হতে গত-----তারিখে ছুটি নিয়ে পরিবার পরিজনের
সাথে সাক্ষাতের নিমিত্তে বাংলাদেশে আসি। লিবিয়ায় বিরাজমান বৈরী গোলযোগপূর্ণ পরিবেশের
কথা জানা সত্ত্বেও আমি নিজ দায়িত্বে আগামী-----তারিখে-----
ফ্লাইটে লিবিয়ার উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করছি।

স্বাক্ষরঃ

তারিখঃ

মোবাইল নং(দেশের)ঃ

পরিচালক (কনসুলার ও এমআরপি)
পররাষ্ট্র মন্ত্রণালয়